



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
বালিয়াপুকুর, রাজশাহী।

টেলিঃ ৭৭৫৮১৬, ৭৭৬২৪৭
ফ্যাক্স- ৮৮০-৭২১-৭৭৩৫৯২
ই-মেল : bsbraj@bttb.net.bd

স্মারক নং- ২৪.০৬.০০০০.০১০.৩৩.০০৬.১৪. ৪২

তারিখঃ ২৪/০৭/১৭

বিষয়ঃ বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড এর হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষা ফি এর সিল্ড কোটেশন দাখিল প্রসঙ্গে।

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন একটি সেক্টর কর্পোরেশন, এর প্রধান কার্যালয় রাজশাহীতে অবস্থিত। অত্র সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড এর পৃথক হিসাব সংরক্ষন করা হয়। এই হিসাব অত্র সংস্থার প্রভিডেন্ট ফান্ড সিপিএফ বোর্ড অব ট্রাস্টির মাধ্যমে নিয়ন্ত্রিত হয়। সিপিএফ সর্বমোট চাঁদা দাতার সংখ্যা ৭৪৪ জন তন্মধ্যে চলমান ৩৮৮জন এবং স্থগিতকৃত সদস্য ৩৫৬ জন। এই ফান্ডের হিসাব সমূহ ২০১৩-২০১৪ হতে ২০১৫-২০১৬ অর্থবছর পর্যন্ত ৩(তিন) বছর চার্টার্ড একাউন্টস ফার্ম কর্তৃক জরুরীভাবে নিরীক্ষা করা আবশ্যিক। বিধায় অত্র সংস্থার কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড নিম্নে বর্ণিত শর্তে নিরীক্ষা কাজ সম্পন্ন করতে আগ্রহী C.A. প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা হলো :

শর্তাবলীঃ-

১. ভবিষ্যত তহবিলের বছর ভিত্তিক আয়-ব্যয় এর হিসাব, মুনাফা বন্টন ও স্থিতিপত্র প্রস্তুত করতে হবে।
২. উক্ত তহবিলে চাঁদা দাতাদের হিসাবে জমাকৃত অর্থের ও মুনাফার সঠিকতা যাচাই পূর্বক নাম ভিত্তিক (প্রতি বছরের আলাদা আলাদা ভাবে) তালিকা রিপোর্টের মধ্যে অন্তর্ভুক্ত করতে হবে।
৩. এই ফান্ড হতে যে সমস্ত অগ্রিম/ঋণ প্রদান করা হয়েছে তার নাম ভিত্তিক বিস্তারিত তালিকা প্রতিবেদনে অন্তর্ভুক্ত করতে হবে।
৪. হিসাব নিরীক্ষা কাজ শুরু করার ১০(দশ) দিনের মধ্যে খসড়া রিপোর্ট সভাপতি সিপিএফ বোর্ড অব ট্রাস্টির নিকট দাখিল করতে হবে এবং ট্রাস্টি বোর্ডের সংগে প্রাথমিক আলোচনার পর রিপোর্ট চূড়ান্ত করতে হবে।
৫. যৌথ আলোচনার ১০ দিনের মধ্যে সমর্থনযোগ্য তফসিলসহ প্রতি বছরের জন্য ১০(দশ) কপি করে চূড়ান্ত নিরীক্ষা প্রতিবেদন অত্র সংস্থার বোর্ড অব ট্রাস্টির নিকট দাখিল করতে হবে।
৬. চূড়ান্ত প্রতিবেদনের সাথেই নিরীক্ষা ফি'র বিল দাখিল করতে হবে। উক্ত বিল পাওয়ার পর A/C payee চেকের মাধ্যমে উহা পরিশোধ করা হবে।
৭. বিল হতে বিধি মোতাবেক ভ্যাট,আইটি/উৎসে কর কর্তন করা হবে।
৮. কর্তৃপক্ষ যেকোন দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন।

উপরোক্ত শর্তাবলীর প্রেক্ষাপটে আগামী ০১-০৮-২০১৭ তারিখ দুপুর ১২-৩০ ঘটিকার মধ্যে সভাপতি সিপিএফ বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী এর দপ্তরে নিরীক্ষা ফি উল্লেখপূর্বক সিল্ড কোটেশন দাখিল করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। প্রাপ্ত দরপত্র সমূহ ঐদিনই বিকাল ৩.৩০ ঘটিকার সময় দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

আপনাদের বিশ্বস্ত

প্রধান হিসাবরক্ষক কর্মকর্তা ও
সদস্য সচিব
সিপিএফ বোর্ড অব ট্রাস্টি

অনুলিপিঃ- সদয় অবগতির জন্য

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী

- ১। সদস্য(অর্থ ও পরিকল্পনা) ও সভাপতি, সিপিএফ বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ২। পি এ টু মহা-পরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।